

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
আইসিটি ও ইনোভেশন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

বিষয়: ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. শাহ আলম অতিরিক্ত সচিব (প্রশাসন)
তারিখ	:	২১.১২.২০২১ খ্রি.
সময়	:	সকাল ১১.০০ টা
মাধ্যম	:	জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় সংযুক্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি ৪ৰ্থ শিল্প বিপ্লব বিষয়ে স্বাগত বক্তব্য প্রদান করার জন্য নিউরো ডেভেলপমেন্ট ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ আনোয়ার উল্লাহ (অতিরিক্ত সচিব) কে আহবান জানান। তিনি তাঁর মূল্যবান বক্তব্য প্রদান করেন এবং ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এনডিডি ট্রাস্টের উদ্যোগ সম্পর্কে সভাকে অবহিত করেন।


২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ তাঁদের মূল্যবান বক্তব্য প্রদান করেন। সমাজসেবা অধিদফতর এবং জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক গৃহীত ৪ৰ্থ শিল্প বিপ্লব সম্পর্কিত প্রকল্প প্রস্তাব বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। স্ব স্ব দপ্তর/সংস্থার বাজেট হতে প্রয়োজনে পুনঃউপযোজনের মাধ্যমে ৪ৰ্থ শিল্প বিপ্লব সংক্রান্ত উদ্যোগ বাস্তবায়ন করতে হবে;

৩.২। বার্ষিক উদ্ধৃত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদনসূচক ১.৬.১ অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবাসমূহে ৪ৰ্থ শিল্পবিপ্লবের ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। ৪ৰ্থ শিল্পবিপ্লবের উল্লেখযোগ্য ৪টি কম্পোনেন্ট : AI (Artificial Intelligence), মেশিন লার্নিং, ডাটা অ্যানালিটিক্স, IOT(Internet of Things) বিষয়ে ৪ দিনের প্রশিক্ষণ কর্মশালা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আয়োজন করা হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. শাহ আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
২২.১২.২০২১

নম্বর: ৪১.০০.০০০০.০১৭.৩৪.১৮১/০৩(০৬)

তারিখ: ২১.১২.২০২১ খ্রি.

বিতরণ সদয় জাতার্থে ও কার্যার্থে (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
- ২) সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা;
- ৫) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইঞ্জিনিয়ারিং টেকনিশিয়াল ইনসিটিউট, ঢাকা;
- ৬) নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মেট্রী শিল্প), টঙ্গী, গাজীপুর;
- ৭) নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা;
- ৮) সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৯) সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১০) সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;
- ১১) প্রোগ্রামার, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
- ১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;

Masudul Haque
২১/১২/২০২১
মোঃ মাসুদুল হক ভুইয়া
সিটেম এনালিস্ট